

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--০৮

১.► ডিজিটাল বাংলাদেশের উপর ভিত্তি করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক বিভিন্ন প্রজেক্ট কলেজ উপস্থাপন করেছে। শৈলী, তিশা, উর্মি ও রাইদা চার বান্ধবী মিলে এক ধরনের প্রজেক্ট উপস্থাপন করেছে। তাদের প্রজেক্টটি ছিল জৈব রসায়নিক প্রয়োগে উন্নত ফসল উৎপাদন এবং কৃষকদের ন্যায্য পণ্যমূল্য নিশ্চিত করা। সার্বিক দিক বিবেচনায় তাদের এই প্রজেক্টটি দ্বিতীয় অবস্থান অধিকার করেছিল।

ক. গ্লোবাল ভিলেজ কী ?

খ. তথ্য ও প্রযুক্তিতে যোগাযোগের উপাদান গুলো কী কী?

গ. শৈলীদের প্রজেক্টে বায়োইনফরমেটিক্স এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং কতখানি সংশ্লিষ্ট ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের আরোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অর্থনৈতিক প্রভাব যুক্তি সহকারে উপস্থাপন কর।

২.►



ক. বিশ্বগ্রাম কী ?

খ. ভাইরাস ছড়ানোকে নৈতিকতা বিরোধী বলা হয় কেন?

গ. উদ্দীপকের চিত্র ২টির ১ম অংশে বিশ্বগ্রামের ধারণাসংশ্লিষ্ট কোন ক্ষেত্রেটিকে ইংগিত করা হয়েছে ? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত কথোপকথনের ব্যবহৃত প্রযুক্তিটির উপযোগিতা বিশ্লেষণ কর।

৩.► রূপকথা তার বাবার সাথে নভোথিয়েটারে যায়। টিকেট ক্রয় ও গেটে প্রবেশের সময় হাতের আঙ্গুল ব্যবহার করেন। সেখানে সে মহাকাশ ভ্রমণের অনুভূতি উপভোগ করে। বাবা তাকে তার অনুভূত বিষয়টি যে বিশেষ প্রযুক্তি দ্বারা তৈরি তা বুঝিয়ে দিলেন।

ক. আউটসোর্সিং কী ?

খ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ফলে বিশেষজ্ঞ চিকিৎসকের কাছে না গিয়েও উন্নত চিকিৎসা পাওয়া যায়- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে টিকেট ক্রয় ও প্রবেশে কোন প্রযুক্তি ব্যবহৃত হয়েছে তা আলোচনা কর।

ঘ. অনুভূতি সম্পর্কে যে বিশেষ প্রযুক্তির কথা বলা হয়েছে সমাজ জীবনে তার ব্যবহার বিশ্লেষণ কর।